# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১২) ইক্বামতের শেষে আল্লাহু আকবার’ একবার বলা

(১২) ইক্বামতের শেষে আল্লাহু আকবার’ একবার বলা :

একবার ‘আল্লাহু আকবার’ বলার কোন প্রমাণ নেই।[1] অনেকে একটি বাক্য বলতে হবে মনে করে ইক্বামতের শেষে একবার ‘আল্লাহু আকবার’ বলে থাকে। আসলে একটি বাক্য ধরে ‘আল্লাহু আকবার’ ‘আল্লাহু আকবার’ বলতে হবে। কারণ উহা দু’টি বাক্য নয়। যেমন ‘লা ইলা-হা ইল্লাল্লা-হু’-কে অর্ধেক করা যায় না। তাছাড়া হাদীছে স্পষ্টভাবে ইক্বামতের শব্দগুলো ব্যবহৃত হয়েছে। সুতরাং ব্যাখ্যার কোন প্রয়োজন নেই। যেমন রাসূল (ছাঃ) মুয়াযযিনকে নির্দেশ দেন, যখন তুমি ছালাতের এক্বামত দিবে তখন বলবে,[2]

اللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ حَىَّ عَلَى الصَّلاَةِ حَىَّ عَلَى الْفَلاَحِ قَدْ قَامَتِ الصَّلاَةُ قَدْ قَامَتِ الصَّلاَةُ اللهُ أَكْبَرُ اللهُ أَكْبَرُ لاَ إِلَهَ إِلاَّ اللهُ.

অতএব ইক্বামতের শেষে ‘আল্লাহু আকবার’ কয়বার বলতে হবে তা অন্যের নিকট থেকে জানার প্রয়োজন নেই।

(১৩) মূল জামা‘আত হয়ে গেলে পরে ইক্বামত না দেওয়া : উক্ত ধারণা সঠিক নয়; বরং নতুন জামা‘আত শুরু করার সময় ইক্বামত দিয়েই শুরু করতে হবে। এটাই সুন্নাত।[3]

(১৪) মহিলারা ইক্বামত না দেয়া : পুরুষ ও মহিলাদের মধ্যে ছালাতের পার্থক্য নির্ধারণ করতে গিয়ে মহিলাদের ইক্বামত নেই বলে ফৎওয়া দেয়া হয়েছে। তাই অধিকাংশ মহিলা ছালাতে ইক্বামত দেয় না। অথচ ফরয ছালাতে পুরুষের জন্য ইক্বামত দেয়া যেমন সুন্নাত, তেমনি মহিলাদের জন্যও ইক্বামত দেয়া সুন্নাত। কারণ এখানে রাসূল (ছাঃ) নারী ও পুরুষের জন্য কোন পৃথক বিধান দেননি। সবার জন্য একই নির্দেশ।[4] এছাড়াও মহিলাদের ইক্বামত দেয়া সম্পর্কে কিছু হাদীছ বর্ণিত হয়েছে।[5] তবে তারা যেন ইক্বামত না দেয় সে জন্য অনেক যঈফ ও জাল কথা রচনা করা হয়েছে।[6] সুতরাং এগুলো থেকে সাবধান!

## ফুটনোট

[1]. নায়লুল আওত্বার ২/২০ পৃঃ।

[2]. আবুদাঊদ হা/৪৯৯, ১/৭২ পৃঃ, সনদ ছহীহ, ‘ছালাত’ অধ্যায়, ‘কিভাবে আযান দিতে হয়’ অনুচ্ছেদ-২৮।

[3]. মুসলিম হা/১৫৯২, ১/২৩৮ পৃঃ, (ইফাবা হা/১৪৩১); মিশকাত হা/৬৮৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৩৩, ২/২০৮ পৃঃ।

[4]. বুখারী হা/৬৫৮; ও ৬৩১, ১/৮৮ পৃঃ, (ইফাবা হা/৬০৩, ২/৫২ পৃঃ); তামামুল মিন্নাহ, পৃঃ ১৪৪।

[5]. মুছান্নাফ ইবনে আবী শায়বা হা/২৩৩৮, ১/২৫৩ পৃঃ, সনদ ছহীহ, সিলসিলা যঈফাহ হা/৮৭৯-এর আলোচনা দ্রঃ।

[6]. মুছান্নাফ ইবনে আবী শায়বা হা/২৩২৬-২৩৩৫; সিলসিলা যঈফাহ হা/৮৭৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন